



স্মারক নং- ৫১.০১.০০০০.০১৫.২০.০৫৯.২০.৭৩৭

তারিখঃ ২১.০৪.২০২১ খ্রি.

প্রেরক: উপপরিচালক (ত্রাণ-১)
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।


প্রাপক: চীফ একাউন্স এন্ড ফিন্যান্স অফিসার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয়: ত্রাণ কার্য (নগদ) অর্থ বিতরণের অনুমতি প্রদান।

সূত্র: ক) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের স্মারক নং ৫১.০০.০০০০.৪২১.১৪.০৩৭.২০.১০০, তারিখ: ১১.০৪.২০২১ খ্রি.
খ) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের স্মারক নং ৫১.০০.০০০০.৪২১.১৪.০৩৭.২০.১১৪, তারিখ: ২১.০৪.২০২১ খ্রি.


উপর্যুক্ত বিষয়ে প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের ২৫.০৩.২০২১ খ্রি. তারিখে ৫১.০১.০০০০.০১৫.২০.০৫৯.২০.৭২৪, ৭২৫ ও ৭২৬ নং স্মারকে পবিত্র রমজান উপলক্ষ্যে দেশের দরিদ্র ও দুঃস্থ পরিবারের সাহায্যার্থে যে বরাদ্দপত্র জারি করা হয় তা দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের সূত্রোক্ত 'ক' স্মারকের প্রেক্ষিতে অত্র অধিদপ্তর হতে ১১.০৪.২০২১ খ্রি. তারিখে ৫১.০১.০০০০.০১৫.২০.০৫৯.২০.৭৩৪ নং স্মারকে বিতরণ কার্যক্রম স্থগিত করা হয়েছিল। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের সূত্রোক্ত 'খ' স্মারকে স্থগিতাদেশ প্রত্যাহার করায় বর্ণিত ০৩টি স্মারকের বিপরীতে বরাদ্দকৃত অর্থ বিতরণের জন্য পুনরায় অনুমতি প্রদান করা হলো। বরাদ্দকৃত অর্থ বিতরণে মন্ত্রীপরিষদ বিভাগের ১২.০৪.২০২১ খ্রি. তারিখের ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১২০ নং স্মারকে কোভিড ১৯ এর বিস্তার রোধকল্পে সার্বিক কার্যাবলি/চলাচলে বিধি-নিষেধ আরোপ করায় কর্মহীন হওয়া ব্যক্তিদেরকে অগ্রাধিকার প্রদান করতে হবে।

০২। এমতাবস্থায় নির্ধারিত সময় সীমার মধ্যে বিতরণ কার্যক্রম সম্পন্ন করে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়সহ অত্র অধিদপ্তরকে অবহিত করার জন্য জেলা প্রশাসকগণকে অনুরোধ করা হলো।


২১/০৪/২০২১
(সৈয়দা মেহেরুন নেছা কবীর)
(উপ-সচিব)
উপ-পরিচালক (ত্রাণ-১)
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ০১। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। জেলা প্রশাসক, -----(সকল)।
- ১১। জনাব প্রবীর কুমার দাস, প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা। তাঁকে এ আদেশটি ওয়েবসাইটে Upload করার জন্য অনুরোধ করা হলো।
- ১২। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, -----(সকল)।
- ১৫। মহাপরিচালক এর ব্যক্তিগত সহকারী, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।


২১/০৪/২০২১
(সৈয়দা মেহেরুন নেছা কবীর)
(উপসচিব)
উপপরিচালক (ত্রাণ-১)